



**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি  
তারিখ ও বার : ২৬ ডিসেম্বর, ২০২৩ (মঙ্গলবার)  
স্থান : জুম অনলাইন  
সময় : দুপুর ০৩.৩০ ঘটিকা

সভার উপস্থিতিঃ জুম অনলাইনে সংযুক্ত অংশীজনের স্ক্রিনশট হাজিরা। (সংযুক্ত)

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রকৌঃ মোঃ আব্দুর রশীদ সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		প্রথম সভা গত ২০/০৯/২০২৩ (বুধবার) তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোনো মতামত পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে।	দৃঢ়ীকরণ করা হলো।	
০১	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	এনএপিডির সিটিজেন চার্টার-এ উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও পদবির সাথে মোবাইল নম্বর অন্তর্ভুক্তকরণ ও নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য, এনএপিডির সিটিজেন চার্টার-এ উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও পদবির সাথে মোবাইল নম্বর অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	সিটিজেন চার্টার-এ উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও পদবির সাথে মোবাইল নম্বর অন্তর্ভুক্ত করা হয়েছে যা প্রশংসনীয়। তবে প্রয়োজন অনুযায়ী নিয়মিত হালনাগাদ করতে হবে।	সিস্টেম এনালিস্ট, উপ-পরিচালক (প্র.) ও সহকারী পরিচালক
০২	সেবা গ্রহণের জন্য নমুনা আবেদনপত্র/প্রয়োজনীয় কাগজপত্রের নমুনা সংযুক্তকরণ	এনএপিডির সিটিজেন চার্টার-এ উল্লিখিত 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' কলামে সেবা গ্রহণের জন্য নমুনা আবেদনপত্র/প্রয়োজনীয় কাগজপত্রের নমুনা সংযুক্তকরণ বিষয়ে সভায় আলোচনা হয়।	এনএপিডির সিটিজেন চার্টার-এ উল্লিখিত 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' কলামে সেবা গ্রহণের জন্য নমুনা আবেদনপত্র/প্রয়োজনীয় কাগজপত্রের নমুনা প্রয়োজন অনুযায়ী সংযুক্ত করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ), সিস্টেম এনালিস্ট ও উপপরিচালক (প্রশাসন)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫  
www.napd.gov.bd



০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২৩

সুকেশ কুমার সরকার  
মহাপরিচালক (সরকারের সচিব)  
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২৩-

তারিখ: ২৮/১২/২০২৩

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকৌঃ মোঃ আবদুর রশিদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), এনএপিডি।
২. জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি।
৩. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট), এনএপিডি।
৪. জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি।
৫. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন), এনএপিডি।
৬. জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৭. জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), এনএপিডি।
৮. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহকারী পরিচালক, এনএপিডি।
৯. জনাব দীপায়ন চক্রবর্তী (সহকারী পরিচালক), এনএপিডি।
১০. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
১১. উপস্থিত সকল অংশীজন।
১২. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১৩. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী  
সহকারী পরিচালক  
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫  
www.napd.gov.bd



## সংযুক্তি

জুম অনলাইনে সংযুক্ত অংশীজনদের স্ক্রিনশট হাজিরা।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫  
www.napd.gov.bd

